

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]
প্রজ্ঞাপন

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ / ২৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৭৫-আইন/২০২৫/৩০৩-মুসক ১- সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর First Schedule এর কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.) ৪৭.১১ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) ৪৭১১.৬০.০০ এর বিপরীতে কলাম (৩) এ বর্ণিত ই-বাইক, অতঃপর পণ্য বলিয়া উল্লিখিত, এর স্থানীয় উৎপাদন পর্যায়ে ৫ (পাঁচ) শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর এবং উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ আমদানি ও স্থানীয়ভাবে ক্রয়ের ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর (আগাম কর সহ) ও সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) নিম্নবর্ণিত শর্তাবলি পরিপালন সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

শর্তাবলি:

- (১) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ হইতে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উৎপাদক হিসাবে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;
- (২) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ হইতে ই-বাইক (Two Wheeler) উৎপাদনের মেকার'স কোড (Maker's Code) এবং টাইপ অনুমোদন (type approval) গ্রহণ করিতে হইবে;
- (৩) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে মেটাল হাউজিং/চেসিস উৎপাদন প্রক্রিয়া সম্পন্নকরণের লক্ষ্যে ন্যূনতম মেশিনারি যেমন- CNC Tube Bender, Tube Notcher, Welding Machine, Hydraulic Press, Plasma Cutter/CNC Laser Cutter, Surface Finishing Machine নিজস্ব প্রাঙ্গনে স্থাপিত থাকিতে হইবে। উক্ত পণ্য উৎপাদনে Basic Raw Material হিসাবে Plain Metal Sheet, Flat-rolled Products, Seamless Tube, Pipe, Rod, Bars, Hollow Profile সহযোগে চেসিসের অংশ বা অংশবিশেষ যেমন- Rear body, Shocks Absorber, Feeder, Swing Arm, Wheel, Handle Bar উৎপাদন করিতে হইবে;
- (৪) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে প্লাস্টিক হাউজিং/Casing উৎপাদন প্রক্রিয়া সম্পন্নকরণের লক্ষ্যে ন্যূনতম মেশিনারি যেমন- Plastic Dryer & Loader, Mold Tooling, Dies,

Injection Molding Machine, CNC, VMC, EDM, Mold Polishing, Grinding, Spotting, Drilling, Paint Booth, Curing System, Tensile, Salt Spray, Impact-Testers, Chiller নিজস্ব প্রাঙ্গণে স্থাপিত থাকিতে হইবে;

(৫) উৎপাদনকারী প্রতিষ্ঠানের Electro Deposition (ED) ও প্রাইমার কোটসহ সকল পর্যায়ে রঙ করিবার জন্য নিজস্ব প্রাঙ্গণে স্থাপিত পেইন্ট শপ থাকিতে হইবে এবং উক্ত পেইন্ট শপে সকল প্রকার পেইন্ট কার্যক্রম সম্পন্ন করিতে হইবে;

(৬) উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক উক্ত পণ্যে ব্যবহৃত ইলেক্ট্রিক মোটর যন্ত্রাংশটি উৎপাদন করিতে নিম্নোক্ত প্রক্রিয়া সম্পন্ন করিতে হইবে, যথা:-

(ক) Blank Stator হইতে Stator with Winding wire উৎপাদন প্রক্রিয়া সম্পন্ন করিতে হইবে। তদলক্ষ্যে, ন্যূনতম মেশিনারি যেমন- CNC, Lamination Punching Press Machine, Lamination Stacking & Welding Machine, Automatic Coil Winding Machine, Varnish dryer machine নিজস্ব প্রাঙ্গণে স্থাপিত থাকিতে হইবে;

(খ) Blank Rotor হতে Shaft ও Rotor সংযুক্ত করে পূর্ণাঙ্গ Rotor উৎপাদন প্রক্রিয়া সম্পন্ন করিতে হইবে। তদলক্ষ্যে, ন্যূনতম মেশিনারি যেমন- Milling machine, Die-Casting machine, Joining machine, UV or Thermal Magnet Curing Oven নিজস্ব প্রাঙ্গণে স্থাপিত থাকিতে হইবে; এবং

(গ) Spindle তৈরির লক্ষ্যে ন্যূনতম মেশিনারি যেমন- CNC auto lathe machine, Continuous heat treatment machine নিজস্ব প্রাঙ্গণে স্থাপিত থাকিতে হইবে।

(৭) উৎপাদনকারী প্রতিষ্ঠানে Printed Circuit Board (PCB) উৎপাদন প্রক্রিয়া সম্পন্ন করিতে হইবে। উক্ত প্রক্রিয়া সম্পন্নকরণের লক্ষ্যে ন্যূনতম মেশিনারি যেমন- Cutting Machines, V-Cut Machine, Drilling Machine, Routing Machine, Cleaning & Brushing, DES line, SM Developing Machine, Surface Finishing Machines, Electrical Test Machines নিজস্ব প্রাঙ্গণে স্থাপিত থাকিতে হইবে;

(৮) উৎপাদনকারী প্রতিষ্ঠানে Printed Circuit Board Assembly (PCBA) উৎপাদন প্রক্রিয়া সম্পন্ন করিতে হইবে। উক্ত প্রক্রিয়া সম্পন্নকরণের লক্ষ্যে ন্যূনতম মেশিনারি যেমন- Automatic Soldering, Reflow Wave Soldering, Inspection Machine, Functional Machines এর সমন্বয়ে Surface Mount Technology (SMT) নিজস্ব প্রাঙ্গণে স্থাপিত থাকিতে হইবে;

(৯) উৎপাদনকারী প্রতিষ্ঠানের টেস্টিং, কোয়ালিটি কন্ট্রোল ও প্রি-ডেলিভারি ইন্সপেকশন এর ব্যবস্থা থাকিতে হইবে এবং তদলক্ষ্যে প্রয়োজনীয় মেশিনারি থাকিতে হইবে;

(১০) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উক্ত পণ্য উৎপাদনে নিজস্ব উৎপাদিত ব্যাটারি ব্যবহার করিতে হইবে অথবা পণ্য উৎপাদনে ব্যবহৃত ব্যাটারি উপকরণ হিসেবে ব্যবহারের

ক্ষেত্রে স্থানীয় উৎপাদনকারী নিকট হইতে ক্রয় করিতে হইবে এবং তদলক্ষ্যে স্থানীয়ভাবে ব্যাটারি উৎপাদনকারী প্রতিষ্ঠানের সহিত চুক্তি থাকিতে হইবে;

- (১১) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনে যথাযথ স্বাস্থ্য সুরক্ষা, বর্জ্য ব্যবস্থাপনা ও পরিবেশগত নিরাপত্তা নিশ্চিত করিতে হইবে এবং সেই লক্ষ্যে উৎপাদনকারীর অনুকূলে ন্যূনতম ISO সনদ বা স্বীকৃত আন্তর্জাতিক মানের সনদ এবং পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র থাকিতে হইবে;
- (১২) যথাযথ কাস্টমার সেবা প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধীনে বিক্রয়, খুচরা যন্ত্রাংশ ও বিক্রয়োত্তর সেবা প্রদানের ব্যবস্থা থাকিতে হইবে;
- (১৩) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে ‘পরিশিষ্ট-ক’ মোতাবেক সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট মূল্য সংযোজনের স্বপক্ষে একটি ঘোষণা দাখিল করিতে হইবে এবং উক্ত ঘোষণার ভিত্তিতে উক্ত পণ্য প্রস্তুতকরণে কমপক্ষে ৩০ (ত্রিশ) শতাংশ মূল্য সংযোজন করিতে হইবে; এবং
- (১৪) উৎপাদনকারী প্রতিষ্ঠানে কর্মরত বাংলাদেশি জনবলের সংখ্যা ন্যূনতম ২৫০ (দুইশত পঞ্চাশ) জন থাকিতে হইবে।

২। এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে অনুচ্ছেদ ১ এ উল্লিখিত শর্তাবলি পরিপালন করা হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক আনুষঙ্গিক দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ড, অতঃপর বোর্ড বলিয়া উল্লিখিত, এর নিকট আবেদন করিতে হইবে।

৩। অনুচ্ছেদ ২ এর অধীন আবেদন প্রাপ্তির পর জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নিম্নরূপ একটি কমিটি গঠিত হইবে, যথা:-

- (ক) দ্বিতীয় সচিব (মুসক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা;
- (খ) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা;
- (গ) যে কোন প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর একজন যথোপযুক্ত প্রতিনিধি; এবং
- (ঘ) সংশ্লিষ্ট মুসক সার্কেল এর রাজস্ব কর্মকর্তা।

৪। অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত কমিটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরিদর্শন ও দাখিলকৃত দলিলাদি পর্যালোচনাপূর্বক উহার পরিদর্শন প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিবে।

৫। অনুচ্ছেদ ৪ এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর জাতীয় রাজস্ব বোর্ড প্রতিবেদন বিবেচনাপূর্বক এই প্রজ্ঞাপনের শর্তাবলি যথাযথভাবে প্রতিপালিত হইয়াছে মর্মে সন্তুষ্ট হইলে উক্তরূপ প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে অনুচ্ছেদ ১ এ উল্লিখিত অব্যাহতি প্রদান করিতে পারিবে।

৬। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, কোনো উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও

সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে।

৭। যথাযথ বিক্রয়োত্তর সেবা প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তুতকৃত খুচরা যন্ত্রাংশ বিক্রয়ের ক্ষেত্রে ১৫ শতাংশ মুসক পরিশোধ করিতে হইবে এবং এই ধরনের পণ্যের খুচরা যন্ত্রাংশ বিক্রয়ের পরিমাণ অর্থবছর ভিত্তিক মোট উৎপাদিত পণ্যের ১০ শতাংশের অধিক হইবে না।

৮। অনুচ্ছেদ-১ এর শর্তাবলি পূরণ সাপেক্ষে অব্যাহতিপ্রাপ্ত হইলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনুচ্ছেদ-৬ এর বিধানাবলি পরিপালন করিতে ব্যর্থ হইলে এই অব্যাহতি সুবিধা প্রাপ্য হইবে না।

৯। অনুচ্ছেদ ৫ এর অধীন অব্যাহতি প্রাপ্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলি যথাযথভাবে পরিপালন করিতেছে কিনা উহা সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনার নিয়মিত যাচাই বা অনুসন্ধান করিবেন।

১০। অনুচ্ছেদ ৯ এর অধীন মূল্য সংযোজন কর কমিশনার কর্তৃক যাচাইকালে যদি তাহার নিকট প্রতীয়মান হয় যে, উক্ত প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনের কোনো শর্ত লঙ্ঘন করিতেছে, তাহা হইলে উহার বিরুদ্ধে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও কাস্টমস আইন, ২০২৩ এর বিধান অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাইবে এবং বোর্ড মূল্য সংযোজন কর অব্যাহতির সুবিধা বাতিল করিতে পারিবে।

১১। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে এবং ইহা ৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দ পর্যন্ত বলবৎ থাকিবে।

পরিশিষ্ট-ক

- ১। করদাতার নাম:
২। ঠিকানা:
৩। ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা:
৪। ঘোষণার তারিখ :

ক্রমিক নং	পণ্যের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (HS Code)	উৎপা দিত পণ্যের নাম ও বিবরণ (প্রযো জ্য ক্ষেত্রে ব্র্যান্ড নেম সহ)	সরবরাহ /বিক্রয়ের একক	পণ্য উৎপাদনে ব্যবহার্য উপকরণ/ কৌচামাল এবং প্যাকিং সামগ্রীর নাম ও বিবরণ	একক পণ্য উৎপাদনে ব্যবহার্য অপচয়সহ উপকরণ/কৌচামাল ও প্যাকিং সামগ্রীর পরিমাণ (অপচয়ের পরিমাণ প্রথম বন্ধনীর মধ্যে আলাদাভাবে উল্লেখ করিতে হইবে)	কলাম (৬) এ বর্ণিত উপকরণ বা প্যাকিং সামগ্রীর মূল্য (আমদানিকৃত হলে শুল্কায়নযোগ্য মূল্য+শুল্ক+ সম্পূরক শুল্ক+এলসি ফি+ অবকাঠামো উন্নয়ন সারচার্জ/ স্থানীয় উৎপাদিত হইলে সম্পূরক শুল্কসহ মোট ক্রয়মূল্য (প্রদত্ত মুসক ব্যতীত)/আবগারি পণ্য হইলে আবগারি শুল্কসহ মোট মূল্য/ মুসক অব্যাহতিপ্রাপ্ত হইলে মোট ক্রয়মূল্য)	মূল্য সংযোজনের খাত/ আইটেমের নাম	প্রতি একক পণ্য মূল্য কলাম (৮) এ উল্লিখিত প্রতিটি আইটেম বা খাতের অবদান/মূল্য সংযোজনের পরিমাণ	সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য (যদি বিবেচ্য পণ্যের উৎপাদন পর্যায়ে সম্পূরক শুল্ক প্রযোজ্য থাকে) [কলাম (৭) ও (৯) এর যোগফল]		কলাম (১১) এ প্রস্তাবিত মূল্যের উপর সম্পূরক শুল্কের পরিমাণ	মুসক আরোপযোগ্য মূল্য [কলাম (১১)+ কলাম (১২)] [বিঃদ্র: যেক্ষেত্রে স্থানীয় পর্যায়ে সম্পূরক শুল্ক প্রযোজ্য নয় সেক্ষেত্রে [কলাম (৭)+(৯)]]	শুল্ক ও করসহ বিক্রয়মূল্য		
									বর্তমান	প্রস্তাবিত		বর্তমান	প্রস্তাবিত	পাইকারি	মুদ্রিত খুচরা মূল্য (যদি থাকে)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)	(১৪)	(১৫)	(১৬)

- ১। উক্ত টেবিলে প্রদত্ত তথ্যের সমর্থনে প্রমাণিক দলিলাদি এই ঘোষণাপত্রের সহিত সংযুক্ত করা হইয়াছে।
২। আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, এই প্রজ্ঞাপনে বর্ণিত অব্যাহতি সুবিধা গ্রহণকল্পে প্রদত্ত সকল তথ্য যথার্থ ও সত্য এবং ইহা নির্ধারণের অনুকূলে সকল দলিলাদি আমার এখতিয়ারে রহিয়াছে।
৩। মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত কোনো তদন্তে উল্লিখিত ঘোষণা অসংগতিপূর্ণ বা অসত্য প্রতীয়মান হওয়ার ক্ষেত্রে বোর্ড অব্যাহতি সুবিধা বাতিল করিতে পারিবে ও প্রযোজ্য কর পরিশোধযোগ্য হইবে।

তারিখ:

নিবন্ধিত ব্যক্তি/ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও সিল

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ আবদুর রহমান খান এফসিএমএ)
সচিব